মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্দোগে অদ্য ২৪/১১/২০২০ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২১/১০/২০২০ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারীদের কর্মমূখী প্রশিক্ষণ প্রদান প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় ইতি মধ্যে ২০২০-২১ অর্থ বছরের কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই কর্ম পরিকল্পনায় অসহায় ও কর্মহীন নারীদের প্রশিক্ষনের ব্যবস্থা করে তাদেরকে কর্মমূখী করার ব্যবস্থা করা হবে। এ তিনি বলেন চলতি কোয়ার্টারে নারীদের একটি প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন। এ ব্যাপারে তিনি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে চলতি অর্থ বছরে ১০ লক্ষ টাকার বেশি বরাদ্দ রাখা আছে। এর একটি অংশ প্রশিক্ষণের জন্য রাখা আছে। তিনি সকলের অবগতির জন্য সভায় বলেন, একটি প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করতে প্রায় দুই লক্ষ টাকার	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	প্রয়োজন। তিনি বলেন পৌরসভার ফান্ডে এরূপ প্রশিক্ষণ চালানোর মতো অর্থ থাকলে অবশ্যই প্রশিক্ষণ আয়োজন করা হবে। এ ব্যাপারে তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। তিনি বলেন, শুধু প্রশিক্ষণ দিলেই হবেনা। যারা প্রশিক্ষণ গ্রহণ করবে তাদের আয়ের পথ করে দিতে হবে। এ জন্য সঠিক মনিটরিং এর ব্যবস্থা করতে হবে। এ ব্যাপারে তিনি সংশ্লিষ্ঠ সকলকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য বলেন।।	
বিবিধ	জনাবা মোছাঃ আলপনা খাতুন, কাউন্সিলর, ১, ২ ও ৩ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, মেহেরপুর পৌর এলাকার মধ্যে যে সমস্ত অসহায় নারী আছে এরা অনেকেই বিভিন্ন গবাদি পশু যেমন হাস, মুরগী, গরু বা ছাগল পালন করে। এছাড়া অনেকেই ঘরে বসে সেলাই কাজ করতে পারে। তিনি সভায় বলেন প্রশিক্ষণ হিসেবে গবাদি পশু পালন অথবা সেলাই প্রশিক্ষণ করা যেতে পারে। মেয়র মহোদয় বলেন, সকল কাউন্সিলর মহোদয়ের মতামতের ভিত্তিতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। তিনি বলে এমন প্রশিক্ষণ প্রদান করতে হবে যাতে করে প্রশিক্ষণ শেষে প্রত্যেকেই স্বপ্ল সময়ের মধ্যে একটি কর্ম করতে পারে। প্রয়োজনে একাধিক প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প।

২. ...., সদস্য, নারী ও শিশু কমিটি।

মেহেরপুর পৌরসভা কার্যালয়
মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/১১/২০২০ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	24.11.20
৮	[illegible]	CDA (Group-3	
৯			